## ২০০৯ সনের ৫১ নং আইন

## জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **২০০৬ সনের ১৮ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর "বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশের রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

---

## ২০০৯ সনের ৫২ নং আইন

## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬-এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৭ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **২০০৬ সনের ৪৭ নং আইনের ধারা ৯-এর সংশোধন।**—সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৭ নং আইন) এর ধারা ৯-এর উপ-ধারা (১) এর "বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশের রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**আশফাক হামিদ**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd